

❏ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৫১২৯

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ২১. দ্বিতীয় অনুচ্ছেদ - অত্যাচার

আরবী

وَعَنْ حُذَيْفَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: لَا تَكُونُوا إِمْعَةً تَقُولُونَ: إِنَّ أَحْسَنَ النَّاسِ أَحْسَنًا وَإِنْ ظَلَمُوا ظَلَمْنَا وَلَكِنْ وَطِنُوا أَنْفُسَكُمْ إِنْ أَحْسَنَ النَّاسُ أَنْ تُحْسِنُوا وَإِنْ أَسَاءُوا فَلَا تَظْلَمُوا. رَوَاهُ التِّرْمِذِيُّ. وَيَصِحُّ وَقْفُهُ عَلَى ابْنِ مَسْعُودٍ

বাংলা

৫১২৯-[৭] হুযায়ফাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা অচৈতন্য হয়ো না যে, তোমরা বলবে, যদি লোকেরা আমাদের সাথে ভালো ব্যবহার করে, আমরাও ভালো ব্যবহার করব; আর জুলুম করলে আমরাও জুলুম করব; বরং তোমরা নিজেদের জন্য এ আদেশ ঠিক করে দেবে যে, যদি লোকেরা তোমাদের সাথে ভালো ব্যবহার করে, তোমরাও ভালো ব্যবহার করবে। আর যদি খারাপ ব্যবহার করে, তবে তোমরা জুলুম করবে না (বদলা নিবে না)। (তিরমিযী)[1]

ফুটনোট

[1] য'ঈফ : তিরমিযী ২০০৭, য'ঈফ আল জামি'উস্ সগীর ৬২৭১, য'ঈফ আত্ তারগীব ১৪৯৪।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে “আবু হিশাম আর রিফাঈ মুহাম্মাদ ইবনু ইয়াযীদ” নামের বর্ণনাকারী য'ঈফ। জাওয়ামিউল কালিম সফটওয়্যার।

হাদিসের মান: য'ঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link?id=75853>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন